দৈনিক বাংলা 79

তারিখ ... 3.12.79 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... 4 ...

# সরকারী কলেজ শিক্ষক ধর্মঘটের ১৪ দিন অতিবাহিত

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির ধর্মঘটের চতুর্দশ দিবস রোবার অতিবাহিত হয়েছে।

সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়ঃ দেশের সকল ইউনিটে পূর্ণ ধর্মঘট অব্যাহত রয়েছে। দাবী-দাওয়া আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘট অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে।

বাসস খবরঃ বাংলাদেশ চারু ও কারুকলা মহাবিদ্যালয়ের শিক্ষক পরিষদ ডিপিআই কর্তৃক মহাবিদ্যালয়ের লাইব্রেরীয়ান মিসেস আয়েশা সিদ্দিকাকে কারণ দর্শানোর বিরুদ্ধে ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করেছেন।

শনিবার অনুষ্ঠিত পরিষদের এক সভার প্রস্তাবে সরকারী কলেজ শিক্ষকদের প্রতিনিধিদের হুমকি প্রদর্শন, এবং তাদের বিরুদ্ধে নিবর্তনমূলক ব্যবস্থা গ্রহণ থেকে বিরত থাকার জন্যে সরকারের প্রতি আহ্বান জানানো হয়।

প্রস্তাবে আরো বলা হয়, দাবী পূরণ না হওয়া পর্যন্ত শিক্ষকদের ধর্মঘট অব্যাহত থাকবে।